



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

সমাজসেবা অফিসারের কার্যালয়

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা

website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.৯৯.০০০৭.২৬.৮৭

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩  
১৮ জুন ২০২৬

**বিষয়: তদন্ত প্রতিবেদন দাখিলের সময় বৃদ্ধির আবেদন।**

সূত্র: জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা-এর স্মারক নং: ৪১.০১.২৬০০.০০০.০২৮.০২.১৮.৭১৮; তারিখ: ১০/০৬/২০২৬ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত সূত্রে বর্ণিত পত্রমূলে গঠিত তদন্ত কমিটির আহ্বায়ক হিসেবে বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতি, ঢাকা-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহের বিষয়ে তদন্ত কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত হই।

এ প্রেক্ষিতে, তদন্ত কমিটি কর্তৃক গত ১৭/০৬/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় সমিতির কার্যালয়, বিআর পাওয়ার কমপ্লেক্স, রাজারবাগ, ঢাকায় সরেজমিন তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তদন্তকালে অভিযোগকারী পক্ষ, সমিতির বর্তমান ও সাবেক দায়িত্বশীল ব্যক্তিবর্গ, সাধারণ সদস্য এবং সংশ্লিষ্ট অন্যান্য পক্ষের বক্তব্য গ্রহণ করা হয়। একইসঙ্গে বিভিন্ন নথিপত্র, কার্যবিবরণী, নির্বাচনসংক্রান্ত দলিলাদি ও উপস্থাপিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

তবে তদন্ত কার্যক্রম পরিচালনাকালে প্রতীয়মান হয়েছে যে, অভিযোগের বিষয়বস্তুসমূহ অত্যন্ত সংবেদনশীল, জটিল ও বহুমাত্রিক প্রকৃতির। বিশেষ করে সমিতির কার্যকরী কমিটির বৈধতা, নির্বাচন প্রক্রিয়ার স্বচ্ছতা ও গঠনতন্ত্রসম্মততা, সাধারণ সভার সিদ্ধান্তের যথার্থতা, সদস্য তালিকার নির্ভুলতা এবং উপস্থাপিত নথিপত্রের গ্রহণযোগ্যতা বিষয়ে অধিকতর যাচাই-বাছাই ও বিশ্লেষণের প্রয়োজন রয়েছে। তদুপরি, তদন্তকালে প্রাপ্ত কিছু তথ্য ও নথিপত্রের সত্যতা যাচাই এবং প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ ব্যতিরেকে একটি নিরপেক্ষ, তথ্যভিত্তিক, প্রশাসনিকভাবে গ্রহণযোগ্য ও টেকসই তদন্ত প্রতিবেদন প্রণয়ন করা সমীচীন হবে না বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, একটি পূর্ণাঙ্গ, বস্তুনিষ্ঠ, গ্রহণযোগ্য এবং সুস্পষ্ট মতামতসম্বলিত তদন্ত প্রতিবেদন প্রণয়নের স্বার্থে তদন্ত প্রতিবেদন দাখিলের নির্ধারিত সময় বৃদ্ধি করা একান্ত প্রয়োজন।

অতএব, বিষয়টির গুরুত্ব ও সংবেদনশীলতা বিবেচনা করে তদন্ত কার্যক্রমের অবশিষ্ট অনুসন্ধান, তথ্য-উপাত্ত যাচাই ও বিশ্লেষণপূর্বক একটি মানসম্মত তদন্ত প্রতিবেদন দাখিলের লক্ষ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের সময় বৃদ্ধির জন্য আপনার সদয় অনুমোদন ও প্রয়োজনীয় নির্দেশনা কামনা করছি।



১৮-০৬-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার

উপ পরিচালক


উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.৯৯.০০০৭.২৬.৮৭/১ (৭)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩  
১৮ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৩। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৭। অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



১৮-০৬-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার